

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

কালিকাপুর, পটুয়াখালী।

স্মারকনং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০১.০৩৮.২২. ৫৯৫০


তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ।
২৬ মে ২০২২ খ্রিস্টাব্দ

দরপত্র বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ (গ্রুপ)	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানতের পরিমাণ (টাকা)
			গ্রহণ	খোলা		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৪২/২০২১-২২	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফর্ম	২৯/০৫/২০২২ খ্রিঃ তারিখ রবিবার হইতে ১৩/০৬/২০২২ খ্রিঃ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার ১২-০০ ঘটিকা পর্যন্ত।	১৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২-০৫ ঘটিকা।	১৫০০.০০	৭৫,০০০/-

- ০১। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট **WEB: pbs.patuakhali.gov.bd** এ এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর **WEB: reb.gov.bd** পাওয়া যাইবে।
- ০২। আগ্রহী দরদাতাগণ পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হইতে উপর্যুক্ত গ্রুপের বিপরীতে ০৬ (ছয়) নং কলামে বর্ণিত পরিমাণ টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করিয়া পটুয়াখালী পবিস-এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) পটুয়াখালী পবিস এর সদর দপ্তর, কালিকাপুর, পটুয়াখালী অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাপঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর, ১০ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করিতে পারিবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হইবে না।
- ০৩। দরপত্র দাখিলের সময় প্রতিটি দরপত্রের সাথে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে ০৭ নং কলামে বর্ণিত টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করিয়া ৩ নং কলামে বর্ণিত সময় সীমার মধ্যে দরপত্র ক্রয় করিতে হইবে। ৪ নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী সমিতির সদর দপ্তর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাপঃ (দঃ অঃ) পরিদপ্তর দপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকায় দরদাতাগণ উপরে বর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল করিতে পারিবেন। দরপত্র খামের উপরে ক্রয়তব্য মালামালের নাম স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। দরপত্র সমূহ বর্ণিত সময়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- ০৪। সরবরাহকারীগণকে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহকারীকে সরকারি নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করিতে হইবে।
- ০৫। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্নের ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হইবে।
- ০৬। পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।


জেনারেল ম্যানেজার
পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি